



জাতি হিসেবে বিজয়ী বাংলাদেশ: ইসি সানাউল্লাহ



ইসি সানাউল্লাহ। ছবি: সংগৃহীত

নির্বাচন কমিশনার আবুল ফজল মো. সানাউল্লাহ বলেছেন, সব ধরনের আশঙ্কা ও সংশয় পেছনে ফেলে দেশব্যাপী শান্তিপূর্ণ ও সুষ্ঠু ভোটগ্রহণ সম্পন্ন হয়েছে। তার ভাষায়, এই নির্বাচনে জয়ী হয়েছে সমগ্র বাংলাদেশ। ঈদের আমেজের মতো উৎসবমুখর পরিবেশে ভোটারদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ ছিল চোখে পড়ার মতো। শুক্রবার সকালে রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনে আনুষ্ঠানিক ফলাফল ঘোষণার সমাপনী বক্তব্যে তিনি এসব কথা জানান। তিনি বলেন, গণতন্ত্রের নতুন অভিযাত্রায় এ নির্বাচন একটি তাৎপর্যপূর্ণ অধ্যায় হয়ে থাকবে। নির্বাচন কমিশনের প্রধান অঙ্গীকার ছিল নিরপেক্ষতা বজায় রেখে আইন অনুযায়ী স্বচ্ছ ভোট আয়োজন করা, এবং সেই লক্ষ্য পূরণে সর্বোচ্চ প্রচেষ্টা নেওয়া হয়েছে। কোথাও কোনো ঘাটতি থাকলে তা ইচ্ছাকৃত নয় বলেও উল্লেখ করেন তিনি।

তিনি আরও বলেন, কমিশন এ দায়িত্বকে কেবল সাংবিধানিক বাধ্যবাধকতা হিসেবে দেখেনি; বরং জনগণের প্রতি অর্পিত এক গুরুদায়িত্ব হিসেবে নিয়েছে। ভবিষ্যতেও যেন দেশের গণতান্ত্রিক ধারা সঠিক পথে অগ্রসর হয় এবং আরও উন্নত নির্বাচনের নজির গড়ে ওঠে—এ প্রত্যাশাও ব্যক্ত করেন ইসি সানাউল্লাহ।